

ক্যাম্পাস

বেরোবি ছাত্রদল নেতা মাসুদের দাবির পর লাইব্রেরি সংস্কারের উদ্যোগ

প্রতিবেদক: বেরোবি প্রতিনিধি

প্রকাশের তারিখ: সোমবার, ৩১ আগস্ট ২০২৬, ০১:২৭ PM



জাতীয়তাবাদী ছাত্রদল বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) শাখার প্রচার সম্পাদক মাসুদ রানার দাবির পর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরিতে আসনসংখ্যা বৃদ্ধি, ওয়াশরুম নির্মাণ ও গ্যারেজ সংস্কারের উদ্যোগ নিয়েছে প্রশাসন।

এর আগে গত ১৯ জুলাই মাসুদ রানার নেতৃত্বে লাইব্রেরির পরিচালক বরাবর স্মারকলিপি দেন শিক্ষার্থীরা। স্মারকলিপিতে কেন্দ্রীয় লাইব্রেরির বিভিন্ন সমস্যা সমাধানসহ শিক্ষার্থীদের সুযোগ-সুবিধা বাড়ানোর দাবি জানানো হয়।

শিক্ষার্থীদের দাবিগুলো বিবেচনায় নিয়ে চলতি অর্থবছরে ওয়াশরুম নির্মাণ, গ্যারেজ সংস্কার এবং লাইব্রেরির তৃতীয় তলা সংস্কারের জন্য বরাদ্দ দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এ বিষয়ে ছাত্রদল নেতা মাসুদ রানা বলেন, □আমরা বরাবরই শিক্ষার্থীদের কল্যাণে কাজ করে আসছি। লাইব্রেরির সমস্যাগুলো নজরে আসার পর শিক্ষার্থীদের কথা বিবেচনা করে কয়েকজন নেতাকর্মীকে সঙ্গে নিয়ে লাইব্রেরির পরিচালকের কাছে স্মারকলিপি দিই। পাশাপাশি উপাচার্যের সঙ্গেও বিষয়টি নিয়ে কথা বলি। তিনি আমাদের আশ্বস্ত করেছিলেন। পরে কয়েক দফা আলোচনার পর চলতি অর্থবছরে এসব

কাজের জন্য বরাদ্দ দেওয়া হয়েছে।

তিনি বলেন, শিক্ষার্থীদের প্রয়োজনীয় সুযোগ-সুবিধা নিশ্চিত করতে প্রশাসনের সঙ্গে সমন্বয় করে কাজ করে যাবেন তারা।

এ বিভাগের আরও খবর



ফ্যাসিস্ট আমলের কারাবাসের স্মৃতিচারণ করে জবি ছাত্রদল নেতা রুমির আবেগঘন বার্তা
২০১৪ সালের ৩ অক্টোবর গ্রেপ্তার হয়ে নাজিমুদ্দিন রোডের পুরোনো কারাগারে যাওয়ার স্মৃতি স্মরণ করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ছাত্রদলের ২ নং...



শিক্ষকদের পেনশন লুটে জড়িতদের বিচারের দাবি ইশারাকের
শিক্ষকদের পেনশনের অর্থ আত্মসাতের সঙ্গে জড়িত ব্যক্তিদের চিহ্নিত করে আইনের আওতায় আনার দাবি জানিয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ও ঢাকা-৬ আস...



আবু সাঈদ হত্যা: বেরোবির তিন শিক্ষকসহ ১১ জনকে স্থায়ী বহিষ্কার
২০২৪ সালের জুলাই আন্দোলনের সময় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) শিক্ষার্থী আবু সাঈদ নিহত হওয়ার ঘটনায় বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষকসহ ১১ জনক...



ক্যারিয়ার প্রস্তুতিতে বেরোবিতে নো ইওর এমপ্লয়ার সেশন
বেগম বোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি) শিক্ষার্থীদের ক্যারিয়ার পরিকল্পনা ও চাকরির বাজার সম্পর্কে ধারণা দিতে নো ইওর এমপ্লয়ার শীর্ষক ক্যারিয়ার...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পাড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/campus/berobi-chhatrdl-neta-masuder-dabir-pr-laibreri-sngskarer-udjog>